গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা
উন্নয়ন শাখা
www.dhakadiv.gov.bd

স্মারক নং- ০৫.৪১.৩০০০.০১১.০৬.০৫১.১৮-৪১ তারিখ : ২১/০৪/২০২২

ফরম নং-২৭০

(১৯১৭ সালের বোর্ড ম্যানুয়েলের ১২৯ নং বিধি)

**আদেশপত্র**

তারিখ.............................................হইতে.....................................................পর্যন্ত

জেলা .............................................২০ ......................... সালের ....................... পর্যন্ত

**মামলার ধরণ :** জনাব হাসান মেহেদী, পিতা- মো: আব্দুল বারী, আন্দিরঘাট লিংক রোড, বয়রা, খুলনা-৯০০০ এর গত ১২/০৪/২০২২ তারিখের আপীল আবেদনের প্রেক্ষিতে **(আপীল মামলা নম্বর ১০/২০২২)।**

| আদেশের ক্রমিক নং ও তারিখ | আদেশ ও অফিসারের স্বাক্ষর | আদেশের উপর গৃহীত ব্যবস্থা |
|---|---|---|
| **২১/০৪/২০২২** | জনাব হাসান মেহেদী, পিতা- মো: আব্দুল বারী, আন্দিরঘাট লিংক রোড, বয়রা, খুলনা-৯০০০ এর গত ১২/০৪/২০২২ তারিখের আপীল আবেদনের প্রেক্ষিতে ২১/০৪/২০২২ তারিখ আপীল শুনানীর দিন ধার্য।<br><br>**দেখলাম।** আপীলকারী উপস্থিত। আপীলকারীর কাগজপত্রাদি পর্যালোচনায় দেখা যায় যে, আপীলকারী হাসান মেহেদী তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী নিম্নবর্ণিত তথ্য চেয়ে জেলা প্রশাসক, ঢাকা বরাবর গত ০২-০৩-২০২২ তারিখ আবেদন করেন।<br><br>(ক) ঢাকা জেলার মোট খাসজমির পরিমান (কৃষি ও অকৃষি, উপজেলা ভিত্তিক, একরে)।<br><br>(খ) ঢাকা জেলার অবন্দোবস্তযোগ্য খাসজমির পরিমান (উপজেলা ভিত্তিক, একরে)।<br><br>(গ) ঢাকা জেলার বন্দোবস্তযোগ্য খাসজমির পরিমান (কৃষি ও অকৃষি, উপজেলা ভিত্তিক, একরে)। | |

(ঘ) ২০১৯-২০২০ অর্থবছর পর্যন্ত ঢাকা জেলার বন্দোবস্তকৃত খাসজমির পরিমান (কৃষি ও অকৃষি, উপজেলা ভিত্তিক, একরে)।

(ঙ) ঢাকা জেলার বন্দোবস্তযোগ্য অবশিষ্ট খাসজমির পরিমান (কৃষি ও অকৃষি, উপজেলা ভিত্তিক, একরে)।

**সরকার পক্ষে জেলা প্রশাসকের প্রতিনিধির বক্তব্য :**

শুনানীতে অংশ নিয়ে সরকার পক্ষে জেলা প্রশাসক, ঢাকা এর প্রতিনিধি, জনাব মোহাম্মদ নেয়ামত উল্ল্যা, সহকারী কমিশনার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), লিখিত বক্তব্যে জানান যে-

আপীলকারীর চাহিত তথ্য সংগ্রহ/সংরক্ষণ করা হয়েছে। তথ্য অধিকার আইন, ২০০৯ অনুসারে তথ্যের চাহিত মূল্য ০২/- (দুই) টাকা চালানের মাধ্যমে কোড নং ১-৩৩০১-০০০১-১৮০৭ তে জমা প্রদানের জন্য পত্র দেয়া হয়েছে। আপীলকারী চালানের মূলকপি তথ্য ও অভিযোগ শাখায় জমা প্রদান করলে তথ্য সরবরাহ করা হবে মর্মে লিখিত জবাবে উল্লেখ করেছেন এবং আপীল আবেদনটি খারিজ করার জন্য অনুরোধ করেছেন।

**আপীলকারীর বক্তব্য :**

শুনানীতে অংশ নিয়ে আপীলকারী হাসান মেহেদী লিখিত বক্তব্যে জানান যে -

তিনি গবেষনার কাজে ব্যবহারের জন্য আপীল আবেদনে বর্ণিত তথ্য চেয়ে তথ্য পাননি। বর্ণিত কারণে তিনি আপিল দায়ের করেছেন। তিনি আপীল শুনানী অন্তে তথ্য প্রাপ্তি নিশ্চিত করার জন্য আবেদন করেছেন মর্মে লিখিত বক্তব্যে উল্লেখ করেছেন।

**পর্যালোচনা :** সরকার পক্ষে জেলা প্রশাসক, ঢাকা এর প্রতিনিধি এবং আপীলকারীর বক্তব্য শুনলাম। লিখিত বক্তব্য ও দাখিলকৃত প্রমানক পর্যালোচনা করলাম। যেহেতু জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা এর তথ্য ও অভিযোগ শাখায় তথ্য সরবরাহের জন্য সংরক্ষণ করা আছে এবং আরটিআই কর্মকর্তা আপীলকারীকে তথ্যের মূল্য বাবদ ২/- (দুই) টাকা পরিশোধের জন্য পত্র দিয়েছেন এবং আপীলকারীও পত্র পেয়েছেন, সেহেতু আপীল আবেদনটি খারিজযোগ্য। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ২৪ ধারার (৩)(ক) উপ-ধারা অনুসারে আপীল কর্তৃপক্ষ আপীল আবেদনকারীকে অনুরোধকৃত তথ্য সরবরাহের জন্য সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে নির্দেশ প্রদান করিবেন, অথবা (৩)(খ) উপ-ধারা অনুসারে তদবিবেচনায় গ্রহনযোগ্য না হইলে আপীল আবেদনটি খারিজ করিয়া দিবেন।

| | | |
|---|---|---|
| | **আদেশ** : শুনানীঅন্তে আদেশ হয় আপীলকারী হাসান মেহেদী এর দাখিলকৃত আবেদন এবং সরকার পক্ষে জেলা প্রশাসক, ঢাকা এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ও সহকারী কমিশনার জনাব মোহাম্মদ নেয়ামত উল্ল্যা এর লিখিত বক্তব্যের পরিপ্রেক্ষিতে আপীল আবেদনটি গ্রহণ করা হলো। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ২৪ ধারার (৩)(ক) উপ-ধারা অনুসারে **আপীলকারীর চাহিত তথ্যসমূহ আগামী ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে সরবরাহ করার নির্দেশ প্রদান করা হলো।** আপীল আবেদনটি নিষ্পত্তি করা হলো। আপীলকারী ও তথ্য প্রদানকারী কর্মকর্তার লিখিত জবাব নথিতে সংযুক্ত করা হোক ও সংশ্লিষ্ট সকলকে আদেশের কপি সরবরাহ করা হোক। | |

২১/৪/২০২২

(জহিরুল ইসলাম)
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন)
ঢাকা বিভাগ, ঢাকা।

স্মারক নং-০৫.৪১.৩০০০.০১১.০৬.০৫১.১৮- ৪১১(৮)

তারিখ : ২১/০৪/২০২২

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধান তথ্য কমিশনার, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। জেলা প্রশাসক, ঢাকা।
৫। কমিশনারের একান্ত সচিব, ঢাকা বিভাগ, ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। সিনিয়র সহকারী কমিশনার (আইসিটি), বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৭। জনাব হাসান মেহেদী, পিতা- মো: আব্দুল বারী, আন্দিরঘাট লিংক রোড, বয়রা, খুলনা-৯০০০

২১/০৪/২০২২

(আল মামুন)
সিনিয়র সহকারী কমিশনার (উন্নয়ন)
ঢাকা বিভাগ, ঢাকা।